০/৫

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২২৯৭১/পটুয়াখালী-৬৯/২৬৩

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২ / ০৬ আগস্ট ২০২৫

**বিষয়ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করণ প্রসঙ্গে**

সূত্র: ১। বামাশিবো স্মারক নং বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৬৯/নথি নং-২১৩; তারিখ: ১৬-০৬-২০২৫ খ্রি.
২। বামাশিবো স্মারক নং বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৬৯/নথি নং-২১৬; তারিখ: ০১-০৭-২০২৫ খ্রি.
৩। এনটিআরসিএ স্মারক নং-৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩-২২৩৫, তারিখ-২৭.১২.২০২৪
৪। এনটিআরসিএ স্মারক নং-৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২৩-৮৩১, তারিখ-২৭.০৭.২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন ছোটকাজল হোসাইনিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব আবু জাফর মোঃ ছালেহ এর বিরুদ্ধে জাল নিবন্ধন দিয়ে চাকুরী, নিয়োগ বাণিজ্য, অর্থ আত্মসাৎ, মাদ্রাসায় অনুপস্থিত, অবৈধ খাস জমি দখল, সরকারি আদেশ অমান্য, মামলা দিয়ে হয়রানি, ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মসহ একাধিক বিষয়ে তদন্ত চেয়ে জনাব মোঃ সাব্বির ও জনাব মোঃ জিহাদুল ইসলাম কর্তৃক বোর্ডের ই-ফাইলিং-এ অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগের বিষয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের আলোকে শুনানীতে উভয় পক্ষ উপস্থিত হয়। সুপার জনাব আবু জাফর মোঃ ছালেহ শুনানীতে উপস্থিত হয়ে অভিযোগের বিষয়ে লিখিত জবাব দাখিলের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে তাকে পত্র দেয়া হয়। পরবর্তীতে সুপার জনাব আবু জাফর মোঃ ছালেহ জবাব দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র ও নথি পর্যালোচনায় সূত্রোক্ত ৩নং ও ৪নং স্মারক মূলে জাল সনদের মাধ্যমে মোসাঃ মনিরা বেগম-কে সহকারী শিক্ষক পদে চাকুরিতে নিয়োগদানের বিষয়টি প্রমাণিত হয় যা তিনি (সুপার জনাব আবু জাফর মোঃ ছালেহ) তার দাখিলকৃত জবাবীপত্রে মিথ্যা ও বানোয়াট মর্মে উল্লেখ করেছেন।

২। এমতাবস্থায়, উপরিউক্ত মতে ছোটকাজল হোসাইনিয়া দাখিল মাদ্রাসার সুপার আবু জাফর মোঃ ছালেহ এর বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ পূর্বক নিম্ন স্বাক্ষরকারী বরাবর অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৬.৮.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার,
গলাচিপা, পটুয়াখালী
ও
সভাপতি
ছোটকাজল হোসাইনিয়া দাখিল মাদ্রাসা;
ডাকঘর-চরকাজল, গলাচিপা, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২২৯৭১/পটুয়াখালী-৬৯/

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২ / ০৬ আগস্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৩. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, ছোট কাজল হোসাইনিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- চরকাজল, গলাচিপা, পটুয়াখালী;
৬. জনাব মোঃ সাব্বির ও জনাব মো: জিহাদুল ইসলাম (অভিযোগকারী), গ্রাম: ছোট চর কাজল, ডাকঘর: চরকাজল-৮৬৪০, থানা: গলাচিপা, জেলা: পটুয়াখালী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০৬.০৮-২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অভিউর\প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রসঙ্গে জুন-.doc